

UNIT 7

The Sentence

LESSON 1

What is a Sentence

A আমরা যখন ইংরেজিতে কথা বলি বা লিখি তখন ইংরেজি শব্দ (word) ব্যবহার করি। যেমন :

Belal is a good boy.

Where are you going?

উপরের দুটি শব্দ-সমষ্টিতেই বক্তা কি বলতে চাচ্ছেন তা বোঝা যাচ্ছে। এ ধরনের শব্দ-সমষ্টিকে বলা হয় Sentence। কিন্তু যদি বলা হত, * Belal good is boy a অথবা * Are you where going – তবে এ সকল শব্দ-সমষ্টি Sentence হত না। কারণ এখানে বক্তা কি বলতে চাচ্ছেন তা বোঝা যাচ্ছে না।

B এবার নিচের শব্দ-সমষ্টি দেখুন।

The man who came here yesterday

এটি ছয়টি শব্দের একটি সমষ্টি। এ সত্ত্বেও কি এটাকে Sentence বলা যায়? এখানে বক্তা যা বলতে চেয়েছেন তা শেষ হয়নি। ফলে এটি Sentence হয়নি। যদি তিনি বলতেন –

The man who came here yesterday is my uncle. তাহলে তার বক্তব্য শেষ হত এবং এটি একটি Sentence হত।

তাহলে আমরা দেখতে পাচ্ছি কতকগুলি শব্দ সঠিকভাবে সাজিয়ে বক্তব্য সম্পূর্ণ প্রকাশ করা হলে তাকে বলা হয় Sentence.

C নিচের শব্দ-সমষ্টির মধ্যে যেগুলি Sentence তার পাশে s এবং যেগুলি Sentence নয় তার পাশে x চিহ্ন দিন। প্রথম দুটি করে দেওয়া হয়েছে।

- 1 Rahim is sleeping. (s)
- 2 He is going to. (x)
- 3 He is a good boy. ()
- 4 Come here. ()
- 5 Father his doctor is a. ()
- 6 Are you a? ()
- 7 I don't know him. ()
- 8 Where is my pencil? ()
- 9 He has got a. ()
- 10 Boys good are they. ()
- 11 When are you going home? ()
- 12 I can't help you. ()

Kinds of Sentences

A নিচের Sentence গুলি দেখুন।

Mr Anis Ahmed is a doctor.
Ms Rehana Ahmed is not a doctor.

এখানে প্রথম Sentence এ Mr Anis Ahmed সম্পর্কে কিছু বলা হয়েছে। দ্বিতীয় Sentence এ Ms Rehana Ahmed সম্পর্কে কিছু অস্বীকার করা হয়েছে। এ ধরনের Sentence কে বলা হয় Statement. **Statement** হতে পারে **affirmative** বা ই-বোধক অথবা **negative** বা না-বোধক। **Statement** এর শেষে **full stop (.)** বসে।

B নিচের Sentence গুলি দেখুন।

Where are you going?
Can't you help me?

এসব Sentence এ প্রশ্ন করা হয়েছে। এ ধরনের Sentence কে বলা হয় Question। **Question – affirmative ও negative দুই রকমই হয়। Question** এর শেষে **question mark (?)** বসে।

C নিচের Sentence গুলি দেখুন।

Be quiet!
Please be seated.
Don't open the door.

D এসব Sentence এ আদেশ বা অনুরোধ করা হয়েছে। এ ধরনের Sentence কে বলা হয় **Imperatives. Imperative Sentence**ও **affirmative ও negative দুই প্রকারই হতে পারে। Imperatives** এর বিশেষত্ব এই যে সাধারণত এই ধরনের sentence এ subject (you) উহ্য বা understood থাকে। এদের শেষে সাধারণত **full stop** বসে। তবে কোনো কোনো ক্ষেত্রে **exclamation mark (!)** বসতে পারে।

Imperatives কে অনেকে **command** বা **request**ও বলে থাকেন।

নিচের Sentence গুলির মধ্যে statements এর পাশে **S**, Questions এর পাশে **Q** এবং Imperatives এর পাশে **I** লিখুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

- 1 Where do you live? (Q)
- 2 I live here. (S)
- 3 Come here. (I)
- 4 Where are you going? ()
- 5 I'm going to market. ()
- 6 Please wait for me. ()
- 7 Have you seen him? ()
- 8 I haven't seen him. ()
- 9 Let me go. ()
- 10 There's a book on the table. ()
- 11 It's raining. ()
- 12 Don't go out now. ()
- 13 You'll catch cold. ()

Subject and Predicate

A প্রত্যেক Sentence কে প্রধানত দু-ভাগে ভাগ করা যায়। নিচের Sentence গুলি দেখুন।

He left.

The old man was very unhappy.

The boys and girls were dancing happily.

(You) Let me go.

(You) Don't wait for me.

উপরের Sentence গুলিতে বাক্য হরফে লেখা অংশগুলো হচ্ছে subject। এ থেকে আপনারা বুঝতে পারছেন যে যার সম্পর্কে কিছু বলা হয় তাকে বলা হয় subject এবং subject সম্পর্কে যা কিছু বলা হয় তাকে বলা হয় predicate।

Imperative Sentence এ সাধারণত subject (You) উহ্য থাকে।

B Questions এর ক্ষেত্রে subject সাধারণত sentence এর প্রথমে থাকে না। যেমন :

Where are you going?

এখানে subject হচ্ছে you এবং predicate হচ্ছে sentence এর বাকী অংশ। Questions এর ক্ষেত্রে Question word এবং/অথবা auxiliary verb আগে চলে আসায় এমন হয়। কয়েকটি Questions এর নমুনা দেখুন।

1 *Have you seen the film?*

2 *How can I get there?*

3 *Who came here?*

4 *What happened?*

উপরের sentence গুলিতে subject গুলো বাক্য হরফে দেওয়া হয়েছে। খেয়াল করে দেখুন যে ১ ও ২ নং sentence এ subject প্রথমে আসেনি। কিন্তু ৩ ও ৪ নং sentence এ Question words 'who' এবং 'what' sentence দুটির subject হওয়ায় প্রথমে এসেছে।

C নিচের sentence গুলির subject এর নিচে দাগ দিন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 Man is mortal.

2 How do you feel?

3 When will his mother come?

4 She will come tomorrow.

5 He wrote me a letter.

6 Who broke this glass?

7 Bangladesh is our mother land.

8 Can you do this sum?

9 Rich people are not always happy.

10 A young lady came to see you.

11 I don't know her.

12 She is my friend.

A N S W E R K E Y

Lesson 1

C	3 (s)	4 (s)	5 (x)	6 (x)	7 (s)
	8 (s)	9 (x)	10 (x)	11 (s)	12 (s)

Lesson 2

D	4 (Q)	5 (S)	6 (I)	7 (Q)	8 (S)
	9 (I)	10 (S)	11 (S)	12 (I)	13 (S)

Lesson 3

C	3	his mother	4	She
	5	He	6	Who
	7	Bangladesh	8	you
	9	Rich people	10	A young lady
	11	I	12	She

Notes